



স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-২১

তারিখ: ০৮ মাঘ, ১৪২৮
২২ জানুয়ারি, ২০২২

বিষয়: কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসাসমূহের সামগ্রিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১; তারিখ: ২১/০১/২০২২ খ্রি.

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২১.৮৮, তারিখ: ২২/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি দাখিল, আলিম, ফায়িল, কামিল ও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টদেরকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে নিম্নরূপ নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক সামগ্রিক কার্যক্রম পরিচালনা করতে হবে :-

১। আগামী ৬ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত সশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে।

২। এ সময়ে মাদ্রাসা কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে নিজ দায়িত্বে অনলাইন/ভার্চুয়াল প্র্যাটফর্ম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে। তাছাড়া সংসদ বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারিত 'আমার ঘরে আমার মাদ্রাসা' শিরোনামে চলমান ক্লাসে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৩। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান থাকবে এবং সকল শিক্ষার্থীর উভয় ডোজ টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে; এ ক্ষেত্রে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, জেলা শিক্ষা অফিস ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসসহ স্থানীয় প্রশাসন ও সিভিল সার্জনের সাথে সমন্বয় অব্যাহত রাখবে।

৪। মাদ্রাসা বন্ধকালীন শ্রেণিকক্ষ, গ্রন্থাগার, গবেষণাগারসহ মাদ্রাসার সকল বিদ্যুৎ, টেলিফোন, ইন্টারনেট, পানি এবং গ্যাস সংযোগ নিরবচ্ছিন্ন ও নিরাপদ রাখতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

৫। এ সময় মাদ্রাসার সকল সম্পদ রক্ষণাবেক্ষণ ও সামগ্রিক নিরাপত্তার বিষয়টির প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে।

৬। মাদ্রাসা প্রধান মাদ্রাসার জরুরি প্রয়োজনে স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক শিক্ষক ও কর্মচারীদের দায়িত্বে নিয়োজিত রাখতে পারবেন।

৭। যে সকল মাদ্রাসায় ছাত্রাবাস/ছাত্রীনিবাসে বৈধ আবাসিক শিক্ষার্থীদের অবস্থান করছে তাদের সুবিধার্থে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছাত্রাবাস/ছাত্রীনিবাসসমূহ খোলা থাকবে। তবে সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে।

৮। মাদ্রাসার অফিস যথারীতি চালু থাকবে এবং সেখানে স্বাস্থ্যবিধি মেনে দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হবে।

৯। অধিদপ্তরের অধীনে সকল দপ্তর এবং মাদ্রাসায় কর্মরত সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীর অবশ্যই টিকা সনদ গ্রহণ করতে হবে;

১০। জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির আয়োজনে চলমান ক্রীড়া প্রতিযোগিতা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।

১১। মাদ্রাসায় নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

এমতাবস্থায়, কোভিড ১৯ সংক্রমণ রোধে সরকার ঘোষিত সকল স্বাস্থ্যবিধি ও অন্যান্য বিধিনিষেধ যথাযথভাবে প্রতিপালনপূর্বক পরবর্তী নির্দেশনা দেয়া পর্যন্ত উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

১২/০১/২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

dg@dme.gov.bd

১। অধ্যক্ষ, বিএমটিটিআই, গাজীপুর/সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া

মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।

২। সভাপতি/অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান..... (সকল মাদ্রাসা)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-২১

তারিখ: ০৮ মাঘ, ১৪২৮
২২ জানুয়ারি, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২। অতিরিক্ত সচিব (মাদ্রাসা/প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৩। রেজিস্ট্রার, ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। জেলা প্রশাসক.....(সকল)

৬। সিভিল সার্জন.....(সকল)

৭। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)

৮। জেলা শিক্ষা অফিসার.....(সকল)

৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.... (সকল)

১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ

আওতাধীন মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা
বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

২২/০১/২২

মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক (প্রশাসন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০১৬৩